# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সৈয়দ আমজাদ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ , রামগতি, লক্ষ্মীপুর।

তারিখ : ২০/০৬/২০২৪ খ্রিঃ , রোজ : বৃহস্পতিবার, সকাল -১০.৩০ ঘটিকা ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

| ক্র.নং | নাম | পদবী / অফিসের ঠিকানা | সাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আবু সাঈদ তারেক | উপজেলা কৃষি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ জসিম উদ্দিন | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৩ | জনাব ডাঃ মোঃ নজরুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৪ | জনাব মোঃ জহিরুল ইসলাম | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৫ | জনাব মোহাম্মদ আবদুস সাত্তার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৬ | জনাব আবদুল ওয়াহেদ মুরাদ | মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত ব্যাক্তি | ,, |
| ০৭ | জনাব মোঃ শাহজাহান | এনজিও প্রতিনিধি, জনসেবা কেন্দ্র, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |
| ০৮ | জনাব মোঃ শাহাব উদ্দিন | কৃষক প্রতিনিধি ও সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি, রামগতি, লক্ষ্মীপুর। | ,, |

সভার আলোচ্য সূচীঃ

১। সাম্প্রতিক ঘূর্ণিঝড় রেমাল/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে রামগতি উপজেলায় বরাদ্দকৃত ২৫০০ জন কৃষককে (জন/বিঘা) কৃষি পুনর্বাসন কর্মসূচি নিয়ে আলোচনা। কৃষি পুনর্বাসনের এর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের সংখ্যা ইউনিয়ন অনুযায়ী বন্টন।

২। খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন উফশী ফসল আবাদকারী প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত বিষয়ে আলোচনা ।

৩। বীজ, সার সরকারী প্রতিষ্ঠান হইতে ক্রয় এবং পরিবহন ও গুদামজাত বিষয়ে আলোচনা।

৪। বিবিধ।

সভাপতি কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর মহোদয় সভার আলোচ্য বিষয়গুলো নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

কৃষি মন্ত্রণালয় উপকরণ-২ শাখা এর ১১/০৬/২০২৪ খ্রি: তারিখের স্মারক নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.১৩৯ সংখ্যক পত্রের এবং পরবর্তীতে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার স্মারক নং-১২.১৭.২০৫১.০৪১.০৩.০১৮.২০২৪-৫২২(২৮), তারিখ: ১৯/০৬/২০২৪ খ্রি: মোতাবেক সাম্প্রতিক ঘূর্ণিঝড় রেমাল/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও রাসায়নিক সার ব্যবহারের মাধ্যমে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদান কৃষি কর্মসূচির আওতায় কৃষকের মাঝে বিনামুল্যে রোপা আমন ধানের উফশী জাতের বীজ ও সার বিতরণের লক্ষ্যে পুনর্বাসন কর্মসূচির আওতায় রামগতি উপজেলার জন্য সর্বমোট ২৫০০ বিঘা/জন বরাদ্দ পাওয়া যায়। রোপা আমন ধানের উফশী বীজ বাবদ = ৬,৮৭,৫০০/- ( ছয় লক্ষ সাতাশি হাজার পাঁচশত টাকা) এবং সার বাবদ= ৯,২৫,০০০/- ( নয় লক্ষ পঁচিশ হাজার টাকা) ও পরিবহন বাবদ= ৯৩,৭৫০/- ( তিরানব্বই হাজার সাতশত পঞ্চাশ টাকা) এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় বাবদ = ৬২,৫০০/- ( বাষট্টি হাজার পাঁচশত টাকা) সহ সর্বমোট= ১৭,৬৮,৭৫০/- ( সতেরো লক্ষ আটষট্টি হাজার সাতশত পঞ্চাশ টাকা ) বরাদ্দ পাওয়া যায়।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব উক্ত স্মারকের শর্তাবলী ও কৃষি প্রণোদনা বাস্তবায়ন নীতিমালা সভায় উপস্থাপন করেন। এ কর্মসূচির আওতায় ক্ষতিগ্রস্থ অগ্রাধিকার তালিকাভুক্ত ১টি কৃষক পরিবার ১ বিঘা জমি চাষের জন্য ৫ কেজি রোপা আমন ধানের উচ্চ ফলনশীল (উফশী) জাতের বীজ এবং ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার পাবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত কর্মসূচির বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত উপকরণ সংগ্রহ ও সুষ্ঠুভাবে কৃষকদের মাঝে বিতরণের জন্য তিনি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সহযোগিতা কামনা করেন।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব সভায় আরো জানান যে, উপকরণ সংগ্রহ ও বিতরণের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় প্রেরিত নীতিমালা অনুযায়ী বীজ, উপজেলা ভিত্তিক জাতওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি (৯০%) এবং আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পভুক্ত কৃষক (১০%) তালিকাভুক্ত বীজ উদোক্তাগণের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা পূর্বক রোপা আমন ধানের উফশী বীজ সংগ্রহ করতে হবে। ডিএপি ও এমওপি সার যুগ্ম-পরিচালক (সার) বিএডিসি, ফেনী হতে সংগ্রহ করার নির্দেশনা রয়েছে।

এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে। বীজ ও সার কাংখিত মানের না হলে সে জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ঘূর্ণিঝড় "রেমালে" ক্ষতিগ্রস্থ ও বিগত বছরের রোপা আমন ধান উফশী জাতের ফসল আবাদের জমি এবং চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের উফশী ফসল আবাদের সম্ভাবনার নিরীখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রণোদনা কর্মসূচীর পৌরসভা/ইউনিয়নওয়ারী বরাদ্দ বিভাজন করেন। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তাবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তাবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলি অনুযায়ী বাস্তবায়ন করবেন।

সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ এ কর্মসূচির জন্য মনোনিত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথ ভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোলে সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি, স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপসহকারী কৃষি কর্মকর্তা স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষর করবেন।

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সদস্য সচিব সভায় আরো জানান যে, এ কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ সংশ্লিষ্ট কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ব্যতীত অন্য কাউকে প্রদান করা যাবে না। কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে ১০ জনের ১টি গ্রুপ করে ৫০ কেজি ওজনের ২ বস্তা ডিএপি সার ও ২ বস্তা এমওপি সার বিতরণ করতে হবে।

❖ আলোচ্য বিষয় গুলো বিস্তারিত আলোচনার পর নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১: খরিপ-২/ ২০২৪-২৫ মৌসুমে রোপা আমন উফশী ফসল পুনর্বাসন কর্মসূচির আওতায় অত্র উপজেলায় বরাদ্দকৃত ২৫০০ জনের মধ্যে পৌরসভা/ইউনিয়নওয়ারী বিভাজন নিম্নরুপ (রোপা আমন উফশী আবাদী এলাকার ভিত্তিতে):

| ক্রমিক নং | পৌরসভা/ইউনিয়নের নাম | খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন আবাদকৃত জমি (হে:) | উফশী আমন (জন/বিঘা) |
|---|---|---|---|
| ১ | পৌরসভা | ৬৭০ | ২০০ |
| ২ | চর বাদাম ইউনিয়ন | ২৪৭৮ | ৩০০ |
| ৩ | চর পোড়াগাছা ইউনিয়ন | ৩১৫৮ | ৩৫০ |
| ৪ | আলেকজান্ডার ইউনিয়ন | ২৮২৪ | ৩৫০ |
| ৫ | চর আবদুল্যাহ ইউনিয়ন | ২৩৫৫ | ১৫০ |
| ৬ | চর আলগী ইউনিয়ন | ১৮৭০ | ২৫০ |
| ৭ | চর রমিজ ইউনিয়ন | ৪৪৩৫ | ৪৫০ |
| ৮ | বড়খেরী ইউনিয়ন | ১৯৮০ | ১৫০ |
| ৯ | চর গাজী ইউনিয়ন | ৩৮৮০ | ৩০০ |
| | সর্বমোট= | ২৩৬৫০ | ২৫০০ |

সিদ্ধান্ত ২: খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে উফশী রোপা আমন পুনর্বাসন কর্মসূচির আওতায় অত্র উপজেলায় বরাদ্দকৃত ২৫০০ জনের মধ্যে জন প্রতি ৫ কেজি রোপা আমন (উফশী জাত) বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার উপকরণ সহায়তা প্রদান করা হবে।

সিদ্ধান্ত-৩: খরিপ-২/ ২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের উফশী ফসল আবাদকারী প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করত আগামী ২৪/০৬/২০২৪ তারিখের মধ্যে সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর দাখিল করার জন্য সভায় সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

সিদ্ধান্ত-৪: বিভিন্ন ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাদের ধানের উফশী আউশ ফসল আবাদকারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা তৈরী ও উপকরণ বিতরণে সহায়তা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

সিদ্ধান্ত-৫: উপকরণ সংগ্রহ ও বিতরণের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় প্রেরিত নীতিমালা অনুযায়ী বীজ উপজেলা ভিত্তিক জাতওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি হতে ৯০% এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের "আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ের উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প" হতে ১০% তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাদের নিকট হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা পূর্বক ধানের উফশী আউশ বীজ সংগ্রহ করতে হবে। ডিএপি ও এমওপি সার যুগ্ম-পরিচালক (সার), বিএডিসি, ফেনী হতে সংগ্রহ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত-৬: বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী বিএডিসি বীজ দিতে ব্যর্থ হলে পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় করা হবে। নিম্নে উল্লেখিত সদস্যদের সমন্বয়ে কৃষি পুনর্বাসন ক্রয় কমিটি গঠন করা হলো:

১। উপজেলা কৃষি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর , সভাপতি
২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রামগতি, লক্ষ্মীপুর- সদস্য
৩। কৃষি সম্প্রসারণ অফিসার, রামগতি, লক্ষ্মীপুর- সদস্য
৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রামগতি লক্ষ্মীপুর- সদস্য-সচিব।

সিদ্ধান্ত-৭: মেসার্স কালাম ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, হাজীগঞ্জ, রামগতি, লক্ষ্মীপুর কে কৃষি পুনর্বাসনের যাবতীয় বীজ পরিবহনের মাধ্যমে গুদামজাত করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৮: পুনর্বাসন সংক্রান্ত যাবতীয় ক্রয় কার্যক্রম উপজেলা কৃষি অফিসার নীতিমালা অনুসরন করে সমপন্ন করবেন।

সিদ্ধান্ত-৯: অর্থ বরাদ্ধ/ উপকরণ প্রাপ্তি সাপেক্ষে দুত কৃষকদের মাঝে বিতরন করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০.০৬.২৪

(সৈয়দ আমজাদ হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ-২০/০৬/২০২৪

স্মারক নং- ৬৬৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল।

১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর -৪ আসন, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর ।
৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, লক্ষ্মীপুর ।
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,রামগতি, লক্ষ্মীপুর ।
৫। মেয়র/চেয়ারম্যান (সকল) ..........................................................পৌরসভা/ইউনিয়ন, রামগতি, লক্ষ্মীপুর।
৬। উপজেলা ...........................................,কর্মকর্তা ও সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, রামগতি, লক্ষ্মীপুর ।
৭। উপসহকারী কৃষি কর্মকর্তা..............................ব্লক,................ ইউনিয়ন, রামগতি লক্ষ্মীপুর।
৮। অফিস নথি ।

20.06.24

(আবু সাঈদ তারেক)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
রামগতি,লক্ষ্মীপুর ।